

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 14-01-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Makarsankranti :**

আজ বাংলা পৌষ মাসের শেষ দিন। আজকের দিনটি পৌষ সংক্রান্তি বা মকর সংক্রান্তি হিসেবে সারুলে পালন করা হয়। এই উপলক্ষে আজ রাজ্যে ঐতিহ্য ও পরম্পরা অনুযায়ী বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ঘরে ঘরে নতুন গুড় সহযোগে পিঠে পুলির বানানো এই দিনটির অন্যতম আকর্ষণ। মকর সংক্রান্তি উপলক্ষে তীর্থমুখে পুণ্যস্নান এবং মেলা শুরু হয়েছে। এছাড়াও রাজ্যের বিভিন্ন স্থানে মেলা উৎসব চলছে।

\*\*\*\*\*

**Mahakumbh :**

উত্তরপ্রদেশের প্রয়াগরাজে গতকাল বিশ্বের বৃহত্তম আধ্যাত্মিক ও সাংস্কৃতিক সমাবেশ মহাকুম্ভ শুরু হয়েছে। গতকাল এক কোটি পঞ্চাশ লক্ষেরও বেশি ভক্ত ও তীর্থযাত্রী পবিত্র স্নান করেছেন। ত্রিবেণী সঙ্গমের পবিত্র তীরে মহাকুম্ভ একটি ধর্মীয় অনুষ্ঠানের চেয়েও অনেক বেশি বিশ্বাস, আধ্যাত্মিকতা এবং সম্মিলিত চেতনার উৎসব। মহা কুম্ভের প্রতিটি শিবির এবং অনুষ্ঠান, প্রার্থনা থেকে যত্তে পর্যন্ত, "জগৎ মঙ্গল হোক, সকল প্রাণী সম্প্রীতিতে বাস করুক" এর চেতনাকে প্রতিফলিত করে। সরকার এই মহাকুম্ভের সমাবেশকে নিরাপদ, সুরক্ষিত এবং স্মরণীয় করার জন্য সমস্ত প্রচেষ্টা গ্রহণ করেছে। নিরাপত্তা নিশ্চিত করতে ৫০ হাজারের বেশিপুলিশ সদস্য মোতায়েন করা হয়েছে। প্রায় ২৮০০টি সিসিটিভি এবং এআই-সক্ষম ক্যামেরা দিয়ে মহাকুম্ভ নগরকে

পর্যবেক্ষণ করা হচ্ছে। নদী ও ঘাটের পরিচ্ছন্নতা নিশ্চিত করছেন দুই হাজার গঙ্গা সেবাদৃত।

২৬ ফেব্রুয়ারি মহাশিবরাত্রি পর্ণত এই উৎসব চলবে।

\*\*\*\*\*

#### **Makar Sankranti Mela/Unakoti:**

কৈলাশহরের প্রত্নভূমি উন্কোটি'তে মকর সংক্রান্তি উপলক্ষে আজ ভোরে উন্কোটির পবিত্র সীতাকুণ্ডে পূর্ণার্থীরা পুণ্য অবগাহন চলছে। এই উপলক্ষে দু'দিনব্যাপী মেলা গতকাল থেকে শুরু হয়েছে। মেলার উদ্বোধন করেন, উন্কোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বিধায়ক বীরজিৎ সিংহ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, মহকুমা শাসক প্রদীপ সরকার প্রমুখ। মেলা উপলক্ষ্যে সারারাতব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

\*\*\*\*\*

#### **Assembly - Answer:**

বর্তমানে রাজ্যের স্বরাষ্ট্র দপ্তরে মোট শূন্যপদের সংখ্যা ৭ হাজার ৩২৩টি। এর মধ্যে কনস্টেবলের শূন্যপদ রয়েছে ২ হাজার ১২৫টি। গতকাল রাজ্য বিধানসভায় বিধায়ক গোপাল চন্দ্র রায় ও রঞ্জিত দেববর্মার প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এই তথ্য জানান। তিনি বলেন, ত্রিপুরা লোকসেবা আয়োগের মাধ্যমে রাজ্য পুলিশের ২১৮ টি সাব ইন্সপেক্টর এর শূন্যপদ পূরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কনস্টেবলের ১ হাজার শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া চলছে।

\*\*\*\*\*

#### **CM- State Emblem:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্যের প্রতীকী লোগো তৈরী করার ক্ষেত্রে শিল্পী থেকে শুরু করে সমাজের বিভিন্ন ব্যক্তিগুলির মতামত গ্রহণ করা হয়েছে। গতকাল রাজ্য বিধানসভায় বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরীর প্রতীকী লোগো নিয়ে অভিযোগের পরিপ্রেক্ষিতে তিনি একথা জানান। তিনি বলেন এই লোগোর মাধ্যমে সমগ্র ত্রিপুরার কৃষ্ণ, সংস্কৃতিকে তুলে ধরা হয়েছে। পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন এই লোগো তৈরী করতে সব রকম নিয়মাবলী মানা হয়েছে।

\*\*\*\*\*

#### **Police week:**

২০২৪ সালে রাজ্য পুলিশের শ্রেষ্ঠ থানা হিসেবে ঘোথভাবে মনোনিত হয়েছে বীরগঞ্জ ও দামছড়া থানা। শ্রেষ্ঠ টিএসআর ব্যাটেলিয়ান হিসাবে মনোনিত হয়েছে তিন নম্বর ব্যাটেলিয়ান। পুলিশে লাইফ টাইম এচিভার হিসাবে মনোনিত হয়েছেন অবসরপ্রাপ্ত ইন্সপেক্টর কাজল ঘোষ। তাছাড়া রাজ্য পুলিশে শ্রেষ্ঠ কর্নিক হিসাবে মনোনিত হয়েছেন গোয়েন্দা দপ্তরের প্রধান কর্নিক উত্তম বিশ্বাস। পুলিশের বিট সিস্টেমের জন্য শ্রেষ্ঠ হয়েছে কমলপুর থানা। শ্রেষ্ঠ পুলিশ অফিসার হিসেবে নির্বাচিত হয়েছেন পশ্চিম জেলার অতিরিক্ত পুলিশ সুপার (রুরাল) ধ্রুব নাথ। আগামী ১৬ই জানুয়ারি পুলিশ সপ্তাহের অনুষ্ঠানে পুরস্কার প্রদান করা হবে।

\*\*\*\*\*

#### **PM kusum- Ratan Nath:**

কৃষ্ণমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্য সরকার পিএম কুসুম প্রকল্পে ভর্তুকিতে সোলার পাম্প স্থাপনের মাধ্যমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের জমিতে জল সেচের ব্যবস্থা করে তাদের দ্বিগুণ ফসল ও আয়ের জন্য কার্যকরী পদক্ষেপ নিয়েছে। গতকাল রাজ্য বিধানসভায় মুখ্য সচেতক কল্যানী রায়ের এক প্রশ্নের উত্তরে

কৃষিমন্ত্রী এ তথ্য জানান। তিনি জানান, রাজে পিএম কুসুম প্রকল্পে ১০ হাজার ৮৯৫টি পাম্প বসানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। ইতিমধ্যে ৩ হাজার ৬১৬ টির পাম্প বসানোর কাজ শেষ হয়েছে। এর ফলে এখন পর্যন্ত ৩ হাজার ৬১৬ জন কৃষক উপকৃত হয়েছে।

\*\*\*\*\*

#### **Governor at Bhab Ganga:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিভি নাল্লু গতকাল রবীন্দ্র শতবার্ষিকী ভবনে "ভাব-গঙ্গা: দ্য পেরেনিয়াল ফ্লো অফ ক্রিয়েশন অনুষ্ঠানে অংশ নেন। পদ্মভূষণ ডক্টর সোনাল মানসিংহের ভারতীয় ধ্রুপদী নৃত্যের উপর এই অনুষ্ঠান হয়। রাজ্যপাল ভাষণে বলেন, এই ধরনের অনুষ্ঠান আমাদের সাংস্কৃতিক ঐতিহ্যকে জীবিত রাখে। তিনি ডঃ সোনাল মানসিংহের নৃত্য শিল্পের প্রশংসা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যসচিব জিতেন্দ্র কুমার সিনহা, পশ্চিম জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার প্রমুখ।

\*\*\*\*\*

#### **Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালের হালকা কুয়াশা রয়েছে। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

\*\*\*\*\*

\*\*\*\*\*